martha's rule
detecting deterioration

NHS

মার্থা'স রুল: যদি আপনি মনে করেন যে আপনার সন্তানের অবস্থা খারাপের দিকে যাচ্ছে তাহলে আমাদেরকে জানান।

আপনি আপনার সন্তানকে সবার চেয়ে ভালোভাবে জানেন। আপনি ছোট ছোট পরিবর্তন লক্ষ্য করতে পারেন যা যত্ন নেওয়া দলটি হয়তো সঙ্গে সঙ্গে নাও বুঝতে পারে। এই পরিবর্তনগুলো অবনতির প্রাথমিক সতর্কসংকেত হতে পারে।

মার্থা'স রুল কী?

আমরা মার্থা'স রুল চালু করেছি যাতে রোগীর অবস্থা অপ্রত্যাশিতভাবে খারাপ হওয়ার কোনো লক্ষণ আগে থেকেই শনাক্ত করা যায়। আপনার যদি মনে হয় যে আপনার সন্তানের শারীরিক অবস্থা খারাপের দিকে যাচ্ছে তাহলে আপনি যাতে দ্রুত পর্যালোচনার অনুরোধ করতে পারেন, মার্থা'স রুল আপনাকে সেই অধিকার দেয়।

আমরা কিভাবে আপনার সন্তানের অবস্থা পর্যবেক্ষণ করি

আপনার সন্তান হাসপাতালে ভর্তি থাকাকালীন আমরা নিয়মিত তার রক্তচাপ, তাপমাত্রা এবং স্বাস্থ্য সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ সূচক পরীক্ষা-নিরীক্ষা করি। আপনার সন্তানের অবস্থা ও প্রয়োজনের উপর এই পরীক্ষার সময়সূচি নির্ভর করে। কখনও কখনও এই পরীক্ষার জন্য আমাদের হয়তো তাদের জাগাতে হতে পারে। এছাড়া, আমরা প্রতিদিন অন্তত একবার জানতে চাইবো তারা আগের চেয়ে ভালো না কি খারাপ বোধ করছে। এর মাধ্যমে আমরা তাদের স্বাস্থ্যের যেকোনো অপ্রত্যাশিত পরিবর্তন পর্যবেক্ষণ করে থাকি।

আপনার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ

স্বাস্থ্যের অবনতির প্রাথমিক লক্ষণগুলো শনাক্তে আমাদের সহায়তা করতে, অনুগ্রহ করে আমাদেরকে জানান যে আপনার সন্তান:

মাত্রাতিরিক্ত জ্বর আছে – ঘামছে, কাঁপছে বা তাদেরকে স্পর্শ করলে স্বাভাবিকের চেয়ে বেশি গরম বা ঠাণ্ডা অনুভব হচ্ছে

স্বাভাবিকের চেয়ে ভিন্নভাবে কাঁদছে

চামড়ায় কোনো পরিবর্তন দেখা যাচ্ছে, যেমন- ফ্যাকাশে হয়ে গেছে বা দাগ (র‍্যাশ) হয়েছে (কালো বা বাদামী চামড়ায় এটি বোঝা কঠিন হতে পারে) অথবা ঘা বা ফোসকা হয়েছে

অস্বাভাবিকভাবে ঘুমাচ্ছে বা জাগিয়ে তোলা কঠিন

বিরক্ত বা অস্থির আচরণ করছে

খাওয়া, পান করা বা দুধ পানে আগ্রহ দেখাচ্ছে না

স্বাভাবিকের তুলনায় দ্রুত শ্বাস নিচ্ছে, প্রতিটি শ্বাসে গোঁ গোঁ শব্দ করছে বা শ্বাসে বাঁশির মতো শব্দ হচ্ছে

মূত্রত্যাগ কম ত্যাগ করছে বা মলে রক্ত দেখা যাচ্ছে

অথবা আপনি এমন কোনো বিষয় নিয়েও আমাদের জানাতে পারেন যা আপনাকে উদ্বিগ্ন করছে।

এই পরিবর্তনগুলোর বিষয়ে আমাদের কর্মীদের জানানোর মাধ্যমে আমরা দ্রুত পদক্ষেপ নিতে পারি যা গুরুতর স্বাস্থ্য সমস্যার ঝুঁকি কমাতে সাহায্য করে।

আপনি উদ্বিগ্ন হলে কী করবেন

1. আপনার সন্তানের যত্নকারী দলের সাথে কথা বলুন।
2. আপনি যদি এখনও উদ্বিগ্ন থাকেন এবং মনে করেন যে যত্নকারী দলটি আপনার উদ্বেগগুলোতে গুরুত্ব দিচ্ছে না সেক্ষেত্রে দ্রুত পর্যালোচনার জন্য কল করুন। কিভাবে এটি করতে হয় তা জানতে আমাদের স্টাফের যেকোনো সদস্যকে জিজ্ঞাসা করুন বা মার্থার নিয়মাবলী বিষয়ক পোস্টারগুলো দেখুন, সেখানে ফোন নম্বর দেওয়া আছে।

আপনার অনুরোধটি হাসপাতালের অন্য একটি দলের কাছে যাবে যারা গুরুতর অসুস্থ রোগীদের পরিচর্যায় বিশেষজ্ঞ। তারা আপনার এবং আপনার সন্তানের যত্নকারী দলের সাথে কাজ করে প্রয়োজনীয় চিকিৎসা বা আরো পর্যালোচনার ব্যবস্থা করবে।

এই পরিষেবাটি সপ্তাহের 7 দিন, 24 ঘণ্টাই চালু থাকে।

আমাদের প্রতিশ্রুতি

আমরা নিয়মিত আপনার মতামত জানতে চাইব এবং আপনার উদ্বেগগুলোকে গুরুত্ব সহকারে নেব। আমরা আপনাকে আমাদের দেওয়া যত্নের ক্ষেত্রে একজন অংশীদার হিসেবে দেখি এবং চাই যে আপনি আপনার যেকোনো উদ্বেগ বা চিন্তা নিয়ে কথা বলুন।

মার্থা'স রুল সম্পর্কে আরো জানতে এখানে স্ক্যান করুন।

martha's rule
detecting deterioration

আপনি আমাদেরকে বিরক্ত করছেন না – আমরা আপনার কথা শুনতে চাই।